গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪১৮ তারিখ: ৭ চৈত্র ১৪২৬
২১ মার্চ ২০২০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**সমূদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

**আজ ২১ মার্চ ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**
**ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চটধগাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চল সমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।**

**আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**সিনপটিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।**

**পূর্বাভাসঃ রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু’এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।**

**তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সমান্য বৃদ্ধি পেতে পারে।**

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি অব্যাহত থাকতে পারে।**

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৩.৪ | ৩০.৭ | ৩৩.৩ | ৩২.৫ | ৩২.৫ | ৩১.৬ | ৩৩.২ | ৩২.৫ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১৮.১ | ১৮.০ | ১৮.৭ | ১৮.৮ | ১৬.৭ | ১৫.৬ | ১৭.৪ | ১৮.০ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ঢাকা ৩৩.৪° এবং আজকের সর্বনিম্ন তেঁতুলিয়া ১°সেঃ।

অগ্নিকান্ড
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৯/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২০/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৩৭টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৭ | ১ | ০ |
| ২। | ময়মনসিংহ | ৪ | ০ | ০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | বরিশাল | ৫ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | রংপুর | ৪ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৭ | ০ | ০ |
| ৮। | খুলনা | ৮ | ০ | ০ |
| | **মোট** | **৩৭** | **১** | **০** |

## উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

**১। গোপালগঞ্জঃ** ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফোনে জানান যে, গত ২০.০৩.২০২০ তারিখ ভোর রাত ০৪.২২ ঘটিকায় কুলাকোণা, মোকশেদপুর এলাকায় একটি গোয়ালঘরে মশার কয়েল থেকে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ২ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকান্ডে ফরিদ (৩৫) নামের এক ব্যক্তি আহত হয়েছে।

## করোনা ভাইরাস সংক্রান্ত তথ্যঃ

## বিশ্ব পরিস্থিতিঃ

**গত ১১/০৩/২০২০ খ্রিঃ তারিখ জেনেভাতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সদর দপ্তর হতে বিদ্যমান কোভিড-১৯ পরিস্থিতিকে বিশ্ব মহামারী**
**ঘোষনা করা হয়েছে। সারা বিশ্বে কোভিড-১৯ রোগটি বিস্তার লাভ করেছে। এ রোগে বহুলোক ইতিমধ্যে মৃত্যুবরণ করেছে। কয়েক হাজার মানুষ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। আগামী দিনগুলোতে এর সংখ্যা আরো বাড়ার আশংকা রয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার ২০.০৩.২০২০ খ্রিঃ তারিখ এর করোনা ভাইরাস সংক্রান্ত Situation Report অনুযায়ী সারা বিশ্বের কোভিড-১৯ সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ**

| ক্রঃ নং | বিবরণ | বিশ্ব | দক্ষিণ-পূর্ব এশিয়া | বাংলাদেশ |
|---|---|---|---|---|
| ০১ | মোট আক্রান্ত | ২,৩৪,০৭৩ | ৯১৮ | ১৭ |
| ০২ | ২৪ ঘন্টায় নতুন আক্রান্তের সংখ্যা | ২৪,২৪৭ | ২৬১ | ০৪ |
| ০৩ | মোট মৃত ব্যক্তির সংখ্যা | ৯,৮৪০ | ৩১ | ০১ |
| ০৪ | ২৪ ঘন্টায় নতুন মৃত্যুর সংখ্যা | ১০৬১ | ০৮ | ০০ |

## বাংলাদেশ পরিস্থিতিঃ

**১। সাধারণ তথ্যঃ**

- **বাংলাদেশ সরকারের স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক কোভিড-১৯ মোকাবেলায় জনস্বার্থে আইনের প্রয়োগ বিষয়ে একটি গনবিজ্ঞপ্তি জারী করা হয়েছে। সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন ২০১৮ এর বিভিন্ন ধারা, উপধারা প্রয়োজনে প্রয়োগ করা হতে পারে বলে গনবিজ্ঞপ্তিতে উল্লেখ রয়েছে।**

- **স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখার পরিচালনায় আন্তর্জাতিক বিমান বন্দরসমূহ, সমুদ্র বন্দরসমূহ ও স্থল বন্দরসমূহে বিদেশ থেকে আগত সকল যাত্রীর তাপমাত্রা পরীক্ষা করা হচ্ছে।**

- **সিঙ্গাপুর, সংযুক্ত আরব আমিরাত, ইতালিতে ও সৌদি আরবে কয়েকজন প্রবাসী বাংলাদেশী কোভিড-১৯ আক্রান্ত**

হয়েছেন। সিঙ্গাপুরে আইসিইউতে চিকিৎসাধীন বাংলাদেশী রোগীর অবস্থার উন্নতি হয়নি।

- ইতালিসহ ইউরোপের অন্যান্য আক্রান্ত দেশ হতে আগত প্রবাসী বাংলাদেশীদের হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরনের পর তাদের আশকোনা হজ্ব ক্যাম্পে নিয়ে যাওয়া হয়েছে। প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা এবং ডকুমেন্টেশন শেষে তাদেরগৃহ কোয়ারেন্টাইনে থাকার জন্য নির্দেশ দেয়া হয়েছে এবং গৃহ কোয়ারেন্টাইনে করণীয় নির্দেশনা প্রদান করে তাদের নিজ নিজ বাড়িতে পাঠানো হয়েছে।

- সার্কভুক্ত দেশের সরকার প্রধানগণ করোনা ভাইরাস প্রতিরোধে ঐক্যবদ্ধভাবে কাজ করার প্রয়াসে ভিডিও কনফারেন্স করেছেন।

- অন এরাইভেল ভিসায় বাংলাদেশে আগত দুইজনকে বিমানবন্দর থেকে ফেরত পাঠানো হয়েছে।

- বাংলাদেশে কোভিড-১৯ আক্রান্ত হয়ে এক ব্যক্তি (বয়স ৭০ বছর) মারা গেছেন। মারা যাওয়া ব্যক্তি বিদেশ হতে আগত ও সংক্রমিত এক ব্যক্তির মাধ্যমে করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছিলেন।

- বিদেশ থেকে এসে হোম কোয়ারেন্টাইন এ থাকার নির্দেশ অমান্য করায় ০৯ জেলায় ১৭ জন প্রবাসীকে জরিমানা করা হয়েছে।

- মাদারীপুর জেলা প্রশাসক হতে টেলিফোনে প্রাপ্ত তথ্য অনুসারেঃ

  (ক) করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে মাদারীপুর পৌরসভায় ২ ও ৩ নং ওয়ার্ড এর, পাচ্চড় ইউনিয়নের এবং দক্ষিণ দোহেরাতলা ইউনিয়নের কয়েকটি গ্রামের জনগণের চলাচলের উপর নিয়ন্ত্রণ আরোপ করা হয়েছে। এ সকল ইউনিয়নের দরিদ্র লোকদের ত্রাণ সহায়তা প্রদান করা হচ্ছে।

  (খ) ৯ জন আক্রান্ত ব্যক্তির মধ্যে ৫ জন ঢাকায় এবং ৪ জন মাদারীপুর রয়েছে। আক্রান্ত ব্যক্তিদের সংস্পর্শে আসা ৩৫০ জনকে সনাক্ত করা হয়েছে। যাদের সকলকে হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে। স্বাস্থ্য কর্মী ও স্থানীয় জনপ্রতিনিধিদের মাধ্যমে হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করা হচ্ছে।

  (গ) স্থানীয় বণিক সমিতির সাথে পরামর্শক্রমে প্রবাসীদের সম্পূর্নরুপে বাজারে না যাওয়ার জন্য বলা হয়েছে। এছাড়াও অন্যান্যদেরকে প্রয়োজনের অতিরিক্ত সময় বাজারে অবস্থান না করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

  (ঘ) উপজেলা প্রশাসনের নির্দেশে স্কুলের শিক্ষকগণ, ইউনিয়ন পরিষদ এবং গ্রাম পুলিশের মাধ্যমে হাট-বাজারে, কাঠাল বাড়ি ঘাটে করোনা সম্পর্কে সচেতনতার বিষয়ে ৬-৭হাজার লিফটলেট বিতরণ করা হয়েছে।

  (ঙ) যারা করোনায় আক্রান্ত বা সন্দেহভাজন আক্রান্ত তাদের সন্তান যেসব স্কুলে পড়ালেখা করে তাদের সহপাঠীদেরকেও কোয়ারেন্টাইনে রাখা হয়েছে এবং নিয়মিত মনিটর করা হচ্ছে।

- জেলা প্রশাসক, ময়মনসিংহ টেলিফোনে জানিয়েছে যে, আজ ২১.০৩.২০২০খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে ‘জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি’ বিশেষ সভা অনুষ্ঠিত হয়।

২। স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ্ ইমার্জেন্সী অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ২০/০৩/২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত প্রাপ্ত তথ্য নিম্নে প্রদান করা হলোঃ

ক) স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যাঃ

| বিষয় | ২৪ ঘন্টায় সর্বশেষ পরিস্থিতি | গত ২১/০১/২০২০ থেকে অদ্যবধি |
|---|---|---|

| | | |
|---|---|---|
| মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ৬৯৬৮ | ৬৩১৫৩৮ |
| এ পর্যন্ত দেশের ৩টি আন্তর্জাতিক বিমান বন্দরে বিদেশ থেকে আগত স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ৩১০০ | ৩১১৮২৩ |
| দু'টি সমূদ্র বন্দরে (চট্টগ্রাম সমুদ্র বন্দর ও মংলা সমূদ্র বন্দর) স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ২৭৫ | ৮২৮৫ |
| ঢাকা ক্যান্টনমেন্ট ও বেনাপোল রেলওয়ে স্টেশনে স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ০ | ৭০২৯ |
| অন্যান্য চালু স্থলবন্দরগুলোতে স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ৩৫৯৩ | ৩০৪৪০১ |

খ) ২০২০ সালের COVID-19 ও সন্দেহজনক COVID-19 রোগীর সর্বশেষ তথ্যঃ

- ০১/০৩/২০২০ থেকে ১৯/০৩/২০২০ পর্যন্ত সর্বমোট ভর্তি রোগীঃ ৬৫ জন।
- ০১/০৩/২০২০ থেকে ১৯/০৩/২০২০ পর্যন্ত সর্বমোট ছাড়প্রাপ্ত রোগীঃ ৩৫ জন
- বর্তমান দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি হাসপাতালে সর্বমোট ভর্তি রোগীঃ ৩০ জন
    - ঢাকার ০৩টি সরকারি ও বেসরকারি হাসপাতালে সর্বমোট ভর্তি রোগীঃ ২৬ জন
    - অন্যান্য বিভাগে বর্তমানে সর্বমোট ভর্তি রোগীঃ ০৪ জন
- গত ২৪ ঘন্টায় (১৮/০৩/২০২০ সকাল ৮টা থেকে ১৯/০৩/২০২০ সকাল ৮টা পর্যন্ত) নতুন রোগীঃ ০৭ জন
    - গত ২৪ ঘন্টায় ঢাকায় নতুন ভর্তি রোগীঃ ৭ জন
    - গত ২৪ ঘন্টায় ঢাকার বাইরে নতুন ভর্তি রোগীঃ ০০ জন
- রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর), এখন পর্যন্ত এ বছরে COVID-19 সন্দেহে ১৭ জন রোগীকে এবং ০১ জনের মৃত্যু নিশ্চিত করেছে।

গ) নভেল করোনা ভাইরাস (COVID-19) রোগে আক্রান্ত, চিকিৎসাপ্রাপ্ত ও মৃত্যুর বিস্তারিত (শুধুমাত্রা ঢাকা শহরের তথ্য):

| ক্রঃ নং | প্রতিষ্ঠানের নাম (সরকারি ও স্বায়ত্বশাসিত) | ২৪ ঘন্টায় নভেল করোনা ভাইরাস নতুন রোগীর সংখ্যা | গত ২১-০১-২০২০ হতে অদ্যাবধি ২০১৯-নভেল করোনা ভাইরাস (COVID-19) রোগে | | | | | বর্তমানে ভর্তি রোগী |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সর্বমোট ভর্তি | ২০১৯-নভেল করোনা ভাইরাস সন্দেহে পর্যালোচনার জন্য প্রেরিত মৃত্যু | পর্যালোচনা সম্পন্নকৃত | নিশ্চিত মৃত্যু | ছাড়প্র প্রাপ্ত রোগী | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১। | কুর্মিটোলা জেলারেল হাসাপাতাল | - | ৩ | - | - | - | ৩ | - |
| ২। | কুয়েত বাংলাদেশ মৈত্রি সরকারি হাসপাতাল | ৭ | ৫১ | - | - | - | ২৯ | ২২ |
| ৩। | সংক্রামক ব্যাধি হাসপাতাল | - | ৫ | - | - | - | ১ | ৪ |
| ৪ | সরকারি ও স্বায়ত্বশাসিত হাসপাতালে সর্বমোট | ৭ | ৫৯ | - | - | - | ৩৩ | ২৬ |
| ৫ | বেসরকারি ক্লিনিক/ হাসপাতাল | - | - | - | - | - | - | - |
| ৬ | ঢাকা শহরে সর্বমোট (সরকারি, বেসরকারি ও শ্বায়ত্বশাসিত) | ৭ | ৫৯ | - | - | - | ৩৩ | ২৬ |

ঘ) নভেল করোনা ভাইরাস (COVID-19) রোগে আক্রান্ত, চিকিৎসাপ্রাপ্ত ও মৃত্যুর বিস্তারিত (বিভাগওয়ারী তথ্য):

| ক্রঃ নং | বিভাগের নাম | ২৪ ঘন্টায় নভেল করোনা ভাইরাস নতুন রোগীর সংখ্যা | গত ২১-০১-২০২০ হতে অদ্যাবধি ২০১৯-নভেল করোনা ভাইরাস (COVID-19) রোগে | | | | | বর্তমানে ভর্তি রোগী |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সর্বমোট ভর্তি | ২০১৯-নভেল করোনা ভাইরাস সন্দেহে পর্যালোচনার জন্য প্রেরিত মৃত্যু | পর্যালোচনা সম্পন্নকৃত | নিশ্চিত মৃত্যু | ছাড়পত্র প্রাপ্ত রোগী | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১। | ঢাকা বিভাগ | ৭ | ৫৯ | - | - | - | ৩৩ | ২৬ |
| ২। | ময়মনসিংহ বিভাগ | - | - | - | - | - | - | - |
| ৩। | চট্টগ্রাম বিভাগ | - | ৩ | - | - | - | - | ৩ |
| ৪। | রাজশাহী বিভাগ | - | ১ | - | - | - | ১ | - |
| ৫। | রংপুর বিভাগ | - | - | - | - | - | - | - |
| ৬। | খুলনা বিভাগ | - | ১ | - | - | - | - | ১ |
| ৭। | বরিশাল | - | - | - | - | - | - | - |
| ৮। | সিলেট বিভাগ | - | ১ | - | - | - | ১ | - |
| | বাংলাদেশে সর্বমোট | ৭ | ৬৫ | - | - | - | ৩৫ | ৩০ |

ঙ) নভেল করোনা ভাইরাস (COVID-19) রোগে কোয়ারেন্টাইন এবং আইসোলোশনের প্রতিবেদন (বিভাগওয়ারী তথ্য, ২০/০৩/২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৮ টার পূর্বের ২৪ ঘন্টার তথ্য):

| ক্রঃ নং | বিভাগের নাম | ২৪ ঘন্টায় (পূর্বের দিন সকাল ০৮ ঘটিকা থেকে অদ্য সকাল ০৮ ঘটিকা পর্যন্ত) | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | কোয়ারেন্টাইন | | | | | | আইসোলেশান | | রোগীর তথ্য | |
| | | হোম কোয়ারেন্টাইন | | হাসপাতাল ও অন্যান্য স্থান | | মোট | | | | | |
| | | হোম কোয়ারেন্টাইনে পাঠানো ব্যক্তি/যাত্রীর সংখ্যা | হোম কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তি/যাত্রীর সংখ্যা | কোয়ারেন্টাইনে অবস্থানরত রোগীর সংখ্যা | হাসপাতালে কোয়ারেন্টাইন হতে ছাড়প্রাপ্ত রোগীর সংখ্যা | মোট কোয়ারেন্টাইনরত রোগীর সংখ্যা | মোট কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্য | আইসোলেশনে চিকিৎসাধীন রোগীর সংখ্যা | আইসোলেশন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা | কোভিড-১৯ প্রমানিত রোগীর সংখ্যা | হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা |
| ০১ | ঢাকা | ১১৪০ | ১৯০ | ০৪ | - | ১১৪৪ | ১৯০ | - | - | - | - |
| ০২ | ময়মনসিংহ | ১৩৫ | ০১ | - | - | ১৩৫ | ০১ | - | - | - | - |
| ০৩ | চট্টগ্রাম | ১২৬৪ | ২১ | ০৩ | - | ১২৬৭ | ২১ | - | - | - | - |
| ০৪ | রাজশাহী | ৬৮৭ | ২৪ | - | - | ৬৮৭ | ২৪ | - | - | - | - |
| ০৫ | রংপুর | ৩৭৩ | ১৭ | ০১ | - | ৩৭৪ | ১৭ | - | - | - | - |
| ০৬ | খুলনা | ৮৫৬ | ১০ | ০১ | - | ৮৫৭ | ১০ | - | - | - | - |
| ০৭ | বরিশাল | ৩৬২ | ০৯ | - | - | ৩৬২ | ০৯ | - | - | - | - |
| ০৮ | সিলেট | ৩৩২ | ৩ | - | - | ৩৩২ | ০৩ | - | - | - | - |
| | সর্বমোট | ৫১৪৯ | ২৭৫ | ০৯ | - | ৫১৫৮ | ২৭৫ | - | - | - | - |

চ) নভেল করোনা ভাইরাস (COVID-19) রোগে কোয়ারেন্টাইন এবং আইসোলোশনের প্রতিবেদন (বিভাগওয়ারী তথ্য, ১০/০৩/২০২০ খ্রিঃ হতে ২০/০৩/২০২০ খ্রিঃ সকাল ৮ টা পর্যন্ত):

| ক্রঃ নং | বিভাগের নাম | ১০/০৩/২০২০ খ্রিঃ হতে সর্বমোট/অদ্যাবধি | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | কোয়ারেন্টাইন | | | | | | আইসোলেশান | | রোগীর তথ্য | |
| | | হোম কোয়ারেন্টাইন | | হাসপাতাল ও অন্যান্য স্থান | | সর্বমোট | | | | | |
| | | হোম কোয়ারেন্টাইনে পাঠানো ব্যক্তি/যাত্রীর সংখ্যা | হোম কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তি/যাত্রীর সংখ্যা | হাসপাতাল কোয়ারেন্টাইনে অবস্থানরত রোগীর সংখ্যা | কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা | সর্বমোট কোয়ারেন্টাইনরত রোগীর সংখ্যা | সর্বমোট কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্য | আইসোলেশনে চিকিৎসাধীন রোগীর সংখ্যা | আইসোলেশন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা | কোভিড-১৯ প্রমানিত রোগীর সংখ্যা | হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা |
| ০১ | ঢাকা | ৩৮১১ | ৭৩৪ | ৭৫ | - | ৩৮৮৬ | ৭৩৪ | ০৩ | - | - | - |
| ০২ | ময়মনসিংহ | ৪৫৬ | ০৩ | - | - | ৪৫৬ | ০৩ | - | - | - | - |
| ০৩ | চট্টগ্রাম | ৩৮৮৪ | ৯৮২ | ১০ | - | ৩৮৯৪ | ৯৮২ | ০১ | - | - | - |
| ০৪ | রাজশাহী | ১৪৮৯ | ৬৪ | - | - | ১৪৮৯ | ৬৪ | - | - | - | - |
| ০৫ | রংপুর | ৬২৬ | ২৮ | ০১ | - | ৬২৭ | ২৮ | - | - | - | - |
| ০৬ | খুলনা | ২০৮১ | ২৯ | ০৩ | ০১ | ২০৮৪ | ৩০ | - | - | ০১ | ০১ |
| ০৭ | বরিশাল | ৬১৩ | ১৬ | - | - | ৬১৩ | ১৬ | - | - | - | - |
| ০৮ | সিলেট | ১২০২ | ০৬ | ১৩ | - | ১২১৫ | ০৬ | - | - | - | - |
| | সর্বমোট | ১৪১৬২ | ১৮৬২ | ১০২ | ০১ | ১৪২৬৪ | ১৮৬৩ | ০৪ | - | ০১ | ০১ |

## ৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণায়ের গৃহীত কার্যক্রমঃ

COVID-19 এর হালনাগাদ সংগৃহীত তথ্যের ভিত্তিতে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাধ্যমে দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন প্রকাশ এবং বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। পাশাপাশি কোভিড-১৯ (করোনা ভাইরাস) সংক্রান্ত বিশেষ প্রতিবেদন ১৮/০৩/২০২০ তারিখ হতে প্রতিদিন ২ (দুই) বার এবং দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদনে ০১(এক) বার প্রধানমন্ত্রীর কার্যালয়সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়, অধিদপ্তর, পরিদপ্তর, বেসরকারি সংস্থাসমূহে হালনাগাদ তথ্যাদিসহ প্রেরণ করা হচ্ছে।

- করোনা ভাইরাসে কারণে চীনসহ বিভিন্ন দেশ হতে আগত বাংলাদেশী নাগরকিদরকে আশকোনা হাজী ক্যাম্পে কোয়ারাইনটেইনে রাখার জন্য খাদ্য সরবরাহ ও অবস্থানকালীন ব্যবহার্য ক্রয়/সরবরাহসহ সার্বিক তত্ত্বধানের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণাল য় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মকর্তাগণের সমন্বয়ে নিম্নবর্ণিত ০৪ টি আহ্বায়ক কমিটি/উপ-কমিটি গঠন করা হয়েছেঃ

(ক) <u>তত্ত্বধায়ক উপ-কমিটি</u>

(১) জনাব মোঃ ফয়জুর রহমান, অতিরিক্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় - আহবায়ক

(২) জনাব হারুন অর রশিদ মোল্লা, পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর - সদস্য

(৩) জনাব এবিএম শফিকুল হায়দার, উপ-প্রধান, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় - সদস্য

(৪) জনাব মোঃ গিয়াস উদ্দিন, পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর - সদস্য

(৫) জনাব মোহাম্মদ আনিছুর রহমান, পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর - সদস্য

(৬) জনাব শ্রী নিবাস দেবনাথ, সিনিয়র সহকারী প্রধান, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর - সদস্য

(৭) জনাব মোঃ মাসুদুর রহমান বিশ্বাস, সিনিয়র সহকারী প্রধান, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় - সদস্য

কার্যপরিধিঃ

(১) চীন থেকে আগত বাংলাদেশী নাগরিকদের যারা আশকোনা হাজী ক্যাম্পে কোয়ারাইনটাইনে থাকবে, তাদের প্রকৃত সংখ্যা নিরূপন করা;

(২) পরিবহন ও সরঞ্জামাদী উপ-কমিটি, খাবার সংগ্রহ ও সরবরাহ কমিটি ও সমন্বয় কমিটির সকল কার্যক্রমের তত্ত্বাবধান করা।

(খ) <u>পরিবহন ও সরঞ্জামাদী উপ-কমিটি</u>

(১) জনাব মোঃ আবু বকর সিদ্দিক, পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর -আহবায়ক
(২) জনাব এ. কে. এম মারুফ হাসান, উপসচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় -সদস্য
(৩) জনাব মোঃ মুজিবুর রহমান, উপসচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় -সদস্য
(৪) জনাব মোঃ মনিরুজ্জামান, উপ-পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর -সদস্য
(৫) জনাব মোঃ আরিফুল হক, সিনিয়র সহকারী প্রধান, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় -সদস্য
(৬) জনাব প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর -সদস্য
(৭) জনাব মোঃ হাফিজুর রহমান, সহকারী পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর -সদস্য

কার্যপরিধিঃ

(১) আশকোনা হাজী ক্যাম্পে অবস্থারনত চীন থেকে আগত বাংলাদেশী নাগরিকদের অবস্থানকালীন সময়ে ব্যবহার্য বিভিন্ন সরঞ্জামাদী/দ্রব্যাদি ক্রয়পূর্বক সরবরাহ করা;
(২) আশকোনা হাজী ক্যাম্পে অবস্থানরতদের যাতায়াতের জন্য প্রয়োজনে পরিবহনের ব্যবস্থা করা।

(গ) **<u>খাবার সংগ্রহ ও সরবরাহ কমিটি</u>**

(১) জনাব মোঃ ইফতেখারুল ইসলাম, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর -আহবায়ক
(২) জনাব মোঃ হাবিবুর রহমান, উপসচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় -সদস্য
(৩) ডা. সঞ্জীব সূত্রধর, উপ-পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর -সদস্য
(৪) জনাব মোঃ শাহজাহান, সিনিয়র সহকারী সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় -সদস্য
(৫) জনাব মোঃ মোর্শেদ কামাল, সহকারী পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর -সদস্য
(৬) জনাব আবুল কালাম আজাদ, সহকারী পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর -সদস্য
(৭) জনাব মোঃ মনিরুজ্জামান, উপ-সহকারী প্রকৌশলী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় -সদস্য

কার্যপরিধিঃ

(১) আশকোনা হাজী ক্যাম্পে অবস্থারনতদের জন্য প্রয়োজন অনুযায়ী সকালের নাস্তা, দুপুরের খাবার, বিকালের নাস্তা এবং রাতের খাবারসহ পর্যাপ্ত বিশুদ্ধ খাবার পানি ভেন্ডারের মাধ্যমে সরবরাহ করা;

(ঘ) **<u>সমন্বয় কমিটি</u>**

(১) জনাব মোঃ আকরাম হোসেন, অতিরিক্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় -আহবায়ক
(২) জনাব এ, কে, এম টিপু সুলতান, যুগ্মসচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় -সদস্য
(৩) জনাব মোহাম্মদ হারুন অর রশিদ, উপ-পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর -সদস্য
(৪) সৈয়দ মোঃ নুরূল বাসির, উপসচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় -সদস্য
(৫) জনাব ধরিত্রী কুমার সরকার, উপসচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় -সদস্য
(৬) জনাব লুৎফুন নাহার, উপ-পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর -সদস্য
(৭) জনাব মোঃ নুরূল হক চৌধুরী, উপ-পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর -সদস্য

কার্যপরিধিঃ

(১) পরিবহন ও সরঞ্জামাদী উপ-কমিটি এবং খাবার সংগ্রহ ও সরবরাহ কমিটির কার্যক্রমে সমন্বয় সাধন করা;

(২) বর্ণিত কমিটিগুলোর যে কোন উদ্ভুত সমস্যা সমাধানে তাৎক্ষনিক কার্যকরী উদ্যোগ গ্রহণ করা।

ý ঢাকার আশকোনাস্থ হাজী ক্যাম্পে আগত ব্যক্তিদের জন্য গৃহীত ব্যবস্থাদি তত্ত্বধানের এর জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গঠিত তত্ত্বধায়ক উপ-কমিটি থেকে প্রাপ্ত তথ্য অনুসারে,

- গত ১৭.০৩.২০২০ খ্রিঃ তারিখ থেকে এ পর্যন্ত নতুন কোন যাত্রী হাজী ক্যাম্পে আগমন করেন নাই। বর্তমানে হাজী ক্যাম্পে কেউ অবস্থান করছেন না।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে হাজী ক্যাম্পে অবস্থানরতদের বিষয়ে গৃহীত কার্যক্রম বাস্তবায়নের জন্য ৪টি কমিটি গঠন করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক হাজী ক্যাম্পে অবস্থানরতদের জন্য বিছানাপত্র ও প্রয়োজনীয় অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি সরবরাহ করা হয়।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক হাজী ক্যাম্পে অবস্থানরতদের জন্য প্রয়োজনীয় খাদ্যসামগ্রী সরবরাহ করা হয়।

২১-৩-২০২০
মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪১৮/১(৮৮)

তারিখ: ৭ চৈত্র ১৪২৬
২১ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
২) পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৩) উপ-পরিচালক (সকল)
৪) জেলা ত্রাণ ও পুর্ণবাসন কর্মকর্তা

২১-৩-২০২০
মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)